

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

তারিখ: ০১ অগ্রহায়ণ ১৪২৭ বঙ্গাব্দ/১৬ নভেম্বর ২০২০ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ৩২০-আইন/২০২০।—বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ (২০১৮ সনের ৬৭ নং আইন) এর ধারা ২১ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ইনস্টিটিউশনের সহিত পরামর্শক্রমে, বিগত ১৪ ফাল্গুন ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ২৬ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ৫০-আইন/২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলের—

- (ক) কলাম (১) এর ক্রমিক নং ৫ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “বিডিএস ২৫:২০১৫ (২য় রিভিশন)” এর পরিবর্তে “বিডিএস ২৫:২০১৫ (২য় রিভিশন), অ্যামেন্ডমেন্ট-১, ২০২০” এন্ট্রি প্রতিস্থাপিত হইবে;
- (খ) কলাম (১) এর ক্রমিক নং ৯ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত এন্ট্রি “মিল্ক পাউডারস এন্ড ক্রিম পাউডার” এর পরিবর্তে এন্ট্রি “মিল্ক পাউডার” এবং কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “বিডিএস সিএসি ২০৭:২০০৮ অ্যামেন্ডমেন্ট ১:২০০৯” এর পরিবর্তে “বিডিএস ৮৬০:২০২০ (২য় রিভিশন)” এন্ট্রি প্রতিস্থাপিত হইবে;
- (গ) কলাম (১) এর ক্রমিক নং ২৯ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “বিডিএস ৯০৮:২০১২ (২য় রিভিশন)” এর পরিবর্তে “বিডিএস ৯০৮:২০১২ (২য় রিভিশন), অ্যামেন্ডমেন্ট-১, ২০২০” এন্ট্রি প্রতিস্থাপিত হইবে;

(১২৩১৩)

মূল্য : টাকা ৪.০০

- (ঘ) কলাম (১) এর ক্রমিক নং ৩০ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “বিডিএস ৯১১:২০০১ (১ম রিভিশন)” এর পরিবর্তে “বিডিএস ৯১১:২০২০ (২য় রিভিশন)” এন্ট্রি প্রতিস্থাপিত হইবে;
- (ঙ) কলাম (১) এর ক্রমিক নং ৩৩ এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত এন্ট্রি “চিলিস, হোল এন্ড গ্রাউন্ড” এর পরিবর্তে এন্ট্রি “চিলি পাউডার” এবং কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “বিডিএস ১০১৭:২০০১ (১ম রিভিশন)” এর পরিবর্তে “বিডিএস ১০১৭:২০২০ (২য় রিভিশন)” এন্ট্রি প্রতিস্থাপিত হইবে;
- (চ) কলাম (১) এর ক্রমিক নং ৩৯ এর বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “বিডিএস ১২৩৬:২০০১ (১ম রিভিশন) (অ্যামেন্ডমেন্ট-১:২০০৭)” এর পরিবর্তে “বিডিএস ১২৩৬:২০২০ (২য় রিভিশন)” এন্ট্রি প্রতিস্থাপিত হইবে;

২। এই প্রজ্ঞাপন প্রকাশের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) মাস সময়কাল অতিবাহিত হইবার পরের দিন হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোখলেছুর রহমান আকন্দ
উপসচিব।